



## বিজেএমসি'র দরপত্র বিজ্ঞপ্তি


নিম্নবর্ণিত মিলের তালিকাভুক্ত/ক্রয়/বিক্রয়/মেরামত/পরিবহন কাজের ঠিকাদার নিয়োগের নিমিত্তে আত্মসি দরদাতাগণের নিকট হতে সীলমোহরকৃত দরপত্র/পুন:দরপত্র আহ্বান করা যাচ্ছে।

মিলের নাম	কাজের বিবরণ	সিডিউল মূল্য (প্রতিসেট) (অফেরৎযোগ্য)	আর্নেস্টম্যানি (ফেরৎ যোগ্য)	দরপত্র জমার তারিখ
১	২	৩	৪	৫
ষ্টার জুট মিলস, চন্দনীমহল, খুলনা।	প্রকৃত প্রস্তুতকারক ও তাদের মনোনীত এজেন্ট/ মজুদদার/ সরবরাহকারীদের নিকট হতে (১) হার্ডওয়্যার মালামাল (২) ডাইস এন্ড ক্যামিক্যাল মিল সাইডে ডেলিভারী ভিত্তিতে সরবরাহের জন্য দরপত্র আহ্বান করা যাচ্ছে। উল্লেখ্য যে, দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স এর ফটোকপি, ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট, টিআইএন সার্টিফিকেটের ফটোকপি, ভ্যাট রেজিস্ট্রেশন সনদের ফটোকপি সংযুক্ত করতে হবে।	প্রতিসেট টেন্ডার সিডিউলে উল্লিখিত মূল্যে	২%	০৫/০৯/১৬
যশোর জুট ইন্ডাস্ট্রিজ, রাজঘাট, যশোর।	<b>তালিকাভুক্তি</b> (ক) প্রস্তুতকারক ও তাদের মনোনীত এজেন্ট/ মজুদদার/ সরবরাহকারী প্রতিষ্ঠান হতে জুন ২০১৭ পর্যন্ত মিলের নিম্নলিখিত প্রয়োজনীয় মালামাল জরুরী ভিত্তিতে সংগ্রহের নিমিত্তে পিপিআর ২০০৮ অনুযায়ী (সীমিত দরপত্র পদ্ধতিতে মালামাল সংগ্রহের ক্ষেত্রে) তালিকাভুক্তির জন্য গ্রুপ ভিত্তিক আবেদন/ সিডিউল আহ্বান করা যাচ্ছে। তালিকাভুক্তির পর প্রয়োজন অনুযায়ী সরবরাহকারীদের পিপিআর ২০০৮ অনুসারে সীমিত দরপত্র পদ্ধতির মাধ্যমে ক্রয়ের ক্ষেত্রে সিডিউল প্রদান করা হবে। (১)হার্ডওয়্যার মালামাল (২) খুচরা যন্ত্রাংশ (৩) বৈদ্যুতিক মালামাল (৪) চামড়া জাত মালামাল (৫) বিভিন্ন সাইজের পিন (৬) প্রিন্টিং ও স্টেশনারী মালামাল (৭) বিভিন্ন প্রকার জুট ডাই (৮) লুম রীড ও লুম ক্যাম্বল (৯) নিরাপত্তা বিভাগীয় মালামাল (১০) সকল প্রকার সাইজ কাঠ ও কাঠজাত দ্রব্যাদি (১১) নির্মাণ সামগ্রী যথা:- ইট, বালু, বাঁশ। উল্লেখ্য যে, হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন সনদপত্র, ব্যাংক স্বচ্ছলতা সনদপত্র, টি আই এন সনদ প্রতি গ্রুপের আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে। (খ) সিডিউল মোতাবেক (১)মেশিনের খুচরা যন্ত্রাংশ (২) হার্ডকোক (শক্ত কয়লা) (৩) বোরাক বাঁশ ও তেঁতুল/গাব কাঠের ফিটিংস (৪) পোশাক পরিচ্ছদ (৫) সিনথেটিক পিকিং ব্যান্ড ও রাবার এপ্রোন মালামাল সরবরাহের জন্য দরপত্র আহ্বান করা যাচ্ছে। উল্লেখ্য যে পিপিআর-২০০৮ এবং মালামাল ক্রয় সংক্রান্ত সিডিউলে বর্ণিত যাবতীয় শর্তাবলী পালন ও কাগজপত্র/ দলিল পত্রাদি দরপত্রের সাথে দাখিল করার ক্ষমতা থাকতে হবে।	(ক) আবেদন/ সিডিউল  (খ) ১০লক্ষ টাকার নীচে সিডিউলের মূল্য ৪০০/- এবং ১০লক্ষ টাকার উপরে ৭৫০/-	(ক) গ্রুপ/ শ্রেণী ভিত্তিক তালিকাভুক্তি ফি ৫০০০/- (পাঁচ হাজার) টাকা (অফেরৎযোগ্য)  (খ) দাখিলকৃত মোট দরের ২% তবে ২০০০/- (দুই হাজার) টাকার কম নয়	০৫/০৯/১৬
রাজশাহী জুট মিলস, শ্যামপুর, রাজশাহী।	প্রকৃত প্রস্তুতকারক ও তাদের মনোনীত এজেন্ট/ মজুদদার/ সরবরাহকারীদের নিকট হতে (১)হার্ডওয়্যার/ ম্যানুফ্যাকচারিং (২)বৈদ্যুতিক মালামাল (৩) মুদ্রণ ও মনোহারী মালামাল সরবরাহের জন্য দরপত্র আহ্বান করা যাচ্ছে। উল্লেখ্য যে, দরপত্রের সাথে ২০১৬-১৭ সালের ট্রেড লাইসেন্স এর ফটোকপি, ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট, আয়কর সার্টিফিকেট এবং ভোটার আইডি কার্ডের ফটোকপি দরপত্রের সাথে দাখিল করতে হবে।	প্রতিসেট ৪০০/- (চারশত)	দাখিলকৃত দরের ২% তবে ২,০০০/- (দুই হাজার) টাকার কম নয়	০৫/০৯/১৬

- দরপত্র জমার পূর্বদিন অফিস চলাকালীন সময় পর্যন্ত সিডিউল ক্রয় করা যাবে। যাবতীয় তথ্যাদি সিডিউলে বর্ণিত আছে।
- জমার তারিখে দরপত্র ১২.০০ ঘটিকা পর্যন্ত গ্রহণ এবং ১২.৩০ মি: দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা হবে।
- দরপত্র সিডিউল বিজেএমসি প্রধান কার্যালয়ের হিসাব বিভাগ, মিলের হিসাব বিভাগ, মিলের রপ্তানী অফিস এবং খুলনা অঞ্চলের মিলসমূহের ক্ষেত্রে খুলনা জোনাল অফিস থেকে ক্রয় করা যাবে। খুলনা অঞ্চলের মিলের ক্ষেত্রে খুলনা জেলা প্রশাসক কার্যালয়, খুলনা জোনাল অফিস ও সংশ্লিষ্ট মিলে, যশোর জুট ইন্ডাস্ট্রিজ এর ক্ষেত্রে যশোর জেলা প্রশাসক কার্যালয়, খুলনা জোনাল অফিস ও মিলে এবং রাজশাহী জুট মিলের ক্ষেত্রে রাজশাহী জেলা প্রশাসক কার্যালয় ও মিলের রক্ষিত বাস্তব দরপত্র জমা দেয়া যাবে। আর্নেস্টম্যানি ছাড়া কোন দরপত্র গ্রহণ করা হবে না। আর্নেস্টম্যানি মিলের অনুকূলে ডিডি/পে-অর্ডার মূল দরপত্রের সাথে দাখিল করতে হবে।
- কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে যে কোন দরপত্র আংশিক বা সম্পূর্ণ গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- বিজ্ঞাপনটি বিজেএমসি ওয়েব সাইটে [www.bjmc.gov.bd](http://www.bjmc.gov.bd) তে দেখা যাবে।

বিজেএমসি নংঃ- ৯৯

তারিখঃ ২২/৮/১৬

  
ব্যবস্থাপক (জস)